সিলেট ধোপাগুলে সিক্স-এ-সাইড ক্রিকেট টুর্নামেন্ট সম্পন্ন

চেম্বার ডেস্ক:: সিলেট সদর উপজেলার খাদিমনগর ইউনিয়নের ৫ নং ওয়ার্ডের ধোপাগুল যুব সমাজ কর্তৃক আয়োজিত ৫ম সিক্স এ সাইড ক্রিকেট টুর্নামেন্ট সম্পন্ন হয়েছে।

মাস ব্যাপী এ টুর্নামেন্টে ইউনিয়নের ৩২ টি দল অংশগ্রহণ করে।

(০৭ফেব্রুয়ারি) রবিবার ফাইনালে মুখোমুখি হয় গোলজার ফাইটার বনাম নজরুল সিক্সার্স,ফাইনালে গোলজার ফাইটার্স জয়লাভ করে।

খেলা শেষে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে গোধুলী সমাজ কল্যান সংস্থার সভাপতি কবির হোসেন এর সভাপতিত্বে উপস্থিত ছিলেন, খাদিমনগর ইউনিয়নের চেয়ারম্যান দিলোয়ার হোসেন,অত্র ওয়ার্ডের তিন বারের নির্বাচিত মেম্বার নাজিম উদ্দিন ইমরান,ইউপি মহিলা সদস্য হামিদা বেগম, হাজী নাসির উদ্দিন, ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি মোক্তার হোসেন, সুরমাভিউ টোয়েন্টিফোর ডটকম- এর সম্পাদক এমদাদুল হক সোহাগ, কাকুয়ারপার সমাজ কল্যাণ পরিষদের সভাপতি লিটন কুমার দেব।